# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫০৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯২৭]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ খুতবায় আল্লাহর প্রশংসা করার পর আম্মা বা'দ বলা

باب مَنْ قَالَ فِي الْخُطْبَةِ بَعْدَ الثَّنَاءِ أَمَّا بَعْدُ

আরবী

□□□ـ عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّه عَنْهُمَا قَالَ: صَعِدَ النَّبِيُّ الْمِنْبَرَ، وَكَانَ آخِرَ مَجْلِسٍ جَلَسَهُ مُتَعَطِّفًا مِلْحَفَةً عَلَى مَنْكِبَيْهِ قَدْ عَصَبَ رَأْسَهُ بِعِصَابَةٍ دَسِمَةٍ، فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ أَيُّهَا النَّاسُ إِلَيَّ فَثَابُوا إِلَيْهِ، ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ، فَإِنَّ هَذَا الْحَيَّ مِنَ الأَنْصَارِ يَقِلُّونَ وَيَكْثُرُ النَّاسُ، فَمَنْ وَلِيَ شَيْئًا مِنْ أُمَّةِ مُحَمَّدٍ فَاسْتَطَاعَ أَنْ يَضُرَّ فِيهِ أَحَدًا أَوْ يَنْفَعَ فِيهِ أَحَدًا، فَلْيَقْبَلْ مِنْ مُحْسِنِهِمْ وَيَتَجَاوَزْ عَنْ مُسِيْئِهِمْ

বাংলা

৫০৯) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর উঠে বসলেন। আর এটিই ছিল তাঁর সর্বশেষ মজলিস যাতে তিনি বসেছিলেন। তখন তাঁর কাঁধের উপর ছিল বড় একটি চাদর। মাথায় বাঁধা ছিল কালো একটি পট্টি। অতঃপর তিনি আল্লাহর প্রশংসা করলেন এবং তার মহিমা বর্ণনা করার পর বললেনঃ হে লোক সকল! তোমরা আমার নিকটে এসো। তারা দ্রুত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে একত্রিত হওয়ার পর তিনি বললেনঃ আম্মা বা'দ, শুনে রাখো! আনসার গোত্রের লোকদের সংখ্যা কমে যেতে থাকবে কিন্তু অন্যান্য মানুষের সংখ্যা বাড়তে থাকবে। যে ব্যক্তি উম্মাতে মুহাম্মাদীর কোন বিষয়ের দায়িত্বভার গ্রহণ করবে (শাসন কর্তৃত্ব) এবং স্বীয় অধিকার বলে কারো ক্ষতি বা উপকার করার ক্ষমতা লাভ করবে সে যেন আনসারদের ভাল কাজগুলো গ্রহণ করে নেয় এবং তাদের দোষ-ত্রুটিগুলো ক্ষমা করে দেয়।

টিকাঃ মদীনার আনসারগণ ইসলামের জন্য যে ত্যাগ স্বীকার করেছেন তার জন্য সর্বকালের প্রতিটি মুসলমানের উচিৎ তাদেরকে সম্মান করা এবং অন্তর দিয়ে তাদেরকে ভালবাসা। অপর হাদীছে এসেছে আনসারদের ভালবাসা ঈমানের নিদর্শন এবং তাদেরকে ঘৃণা করা মুনাফেকীর লক্ষণ।

## English

Saying "Ammaba'du" in the Khutba

Narrated Ibn `Abbas:

Once the Prophet (ﷺ) ascended the pulpit and it was the last gathering in which he took part. He was covering his shoulder with a big cloak and binding his head with an oily bandage. He glorified and praised Allah and said, "O people! Come to me." So the people came and gathered around him and he then said, "Amma ba'du." "From now onward the Ansar will decrease and other people will increase. So anybody who becomes a ruler of the followers of Muhammad and has the power to harm or benefit people then he should accept the good from the benevolent amongst them (Ansar) and overlook the faults of their wrong-doers."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89807

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন